সংস্করণ **1.0, 12/2023** অনুযায়ী

# STRAUSS GROUP-Sএর কার্যপদ্ধতির নিয়মাবলী

§ 8 ABS অনুসারে, 2 সাপ্লাই শৃঙ্খল পরিচর্যা সংক্রান্ত আইন (LKSG)

## বিষয়সূচি


1. ভূমিকা ........ 2
2. অভিযোগ পদ্ধতি রাখার উদ্দেশ্য এবং লক্ষ্য ........ 2
3. কোন তথ্যের জন্য অভিযোগ পদ্ধতি ব্যবহার করা যেতে পারে? ........ 2
4. কে অভিযোগ জমা দিতে বা রিপোর্ট করতে পারেন? ........ 3
5. অভিযোগ জমা দেওয়ার ভিন্ন উপায় ........ 3
6. অভিযোগ জানানোর প্রক্রিয়াবলী ........ 4
   a) Strauss-হোমপেজ থেকে ডিজিটালি তথ্যজ্ঞাপন করা ........ 4
   b) Fair Wear-এর অভিযোগ প্রক্রিয়া ........ 5
   c) ভ্যালু প্রোটেকশন টুল ........ 6
7. অভিযোগ বা গোপন সূত্রে প্রাপ্ত খবর নিরপেক্ষ, স্বতন্ত্র এবং উদ্দেশ্যভিত্তিকভাবে প্রসেস করা হবে। ........ 6
8. অভিযোগ পদ্ধতিতে গোপনীয়তা বজায় রাখা ........ 6
9. অভিযোগকারীদেরকে কীভাবে প্রতিহিংসার হাত থেকে সুরক্ষিত রাখা হয়? ........ 7

## 1. ভূমিকা

Strauss হল একটি পারিবারিক ব্যবসায়িক উদ্যোগ। যা 100 বছরেরও বেশি সময় ধরে তত্কালীন ছোট পরিবারের বৈশিষ্ট্য ছিল তা এখন বিশ্বব্যাপী কয়েক হাজার ব্যক্তি সমন্বিত আমাদের বর্ধিত পরিবারের ক্ষেত্রেও প্রযোজ্য। আমরা ভ্যালু চেইনে মানবাধিকার এবং পরিবেশগত আদর্শকে সম্মান করা ও সেই বিষয়ে প্রচার করা আমাদের দায়িত্ব হিসাবে দেখি।

কর্মচারী বা বহিরাগত পার্টি যেই হোক না কেন - Strauss প্রত্যেক ব্যক্তিকে স্পষ্টভাবে - মানবাধিকার লঙ্ঘনের বা পরিবেশের ঝুঁকি লঙ্ঘনের ক্ষেত্রেও তত্পর হয়ে Strauss-এর সাথে যোগাযোগ করতে উত্সাহিত করে। একমাত্র এই উপায়েই Strauss সর্বোত্তমভাবে নিশ্চিত করতে পারে যে মানবাধিকার এবং পরিবেশগত ঝুঁকিগুলি নির্মূল করা বা কমিয়ে আনা হয়েছে।

## 2. অভিযোগ পদ্ধতি রাখার উদ্দেশ্য এবং লক্ষ্য

- Strauss-এর(ত্রিস্তরবিশিষ্ট) অভিযোগ পদ্ধতি যেকোনো ব্যক্তিকে নিচে তালিকাভুক্ত চ্যানেলগুলির মাধ্যমে (ধারা 6a - 6c) Strauss-এর সরবরাহ শৃঙ্খলে ঝুঁকি বা মানবাধিকার লঙ্ঘন বা পরিবেশগত বাধ্যবাধকতা লঙ্ঘন সম্পর্কে গোপনে তথ্যজ্ঞাপন করতে সহায়তা করে। সংশ্লিষ্ট তথ্য সম্পর্কিত পর্যবেক্ষণ এবং তা জানানোর পক্ষে এগুলি যথেষ্ট সুরক্ষিত চ্যানেল।

- সঠিক উদ্দেশ্য নিয়ে অভিযোগগুলি প্রাথমিক পর্যায়ে সরবরাহ শৃঙ্খলে মানবাধিকার এবং পরিবেশগত ঝুঁকিগুলি চিহ্নিত করতে এবং তা ঘটা রোধ করত বা ইতিমধ্যে ঘটে যাওয়া লঙ্ঘনগুলিকে চিরতরে বন্ধ করতে Strauss-কে সহায়তা করে। তাই Strauss স্পষ্টভাবে এই ধরনের পর্যবেক্ষণ রিপোর্ট করতে অনুরোধ করে।

## 3. কোন তথ্যের জন্য অভিযোগ পদ্ধতি ব্যবহার করা যেতে পারে?

- মানবাধিকার বা পরিবেশগত বাধ্যবাধকতা সম্পর্কিত ঝুঁকি বা লঙ্ঘনের প্রমাণ Strauss-এর আপস্ট্রিম এবং ডাউনস্ট্রিম সহ সামগ্রিক সরবরাহ চেইন জুড়ে রিপোর্ট করা যেতে পারে।

- ঝুঁকি এবং ক্ষতি শুধুমাত্র Strauss অধিভুক্ত কোম্পানি এবং স্থানের মধ্যেই নথিভুক্ত করা হয় না, বরং কোম্পানি / অবস্থান / উত্পাদন কেন্দ্র / সমস্ত Strauss সরবরাহকারী / পরিষেবা প্রদানকারী / অংশীদার কোম্পানির শাখার মধ্যেও নথিভুক্ত করা হয়।

- Strauss সবিশেষ অনুরোধ করে যে আপনি সম্ভাব্য মানবাধিকার লঙ্ঘন এবং পরিবেশগত সমস্যা সম্পর্কিত ঝুঁকি আপনার পর্যবেক্ষণ এবং উপলব্ধি যেন অবশ্যই রিপোর্ট করেন। রিপোর্ট করার সময়, অনুগ্রহ করে সংশ্লিষ্ট তারিখ, অবস্থান, ঘটনায় নিযুক্ত ব্যক্তি এবং কোম্পানি এবং যেকোনো সাক্ষী সহ বিস্তারিত খুঁটিনাটি তা প্রদান করুন।

- আপনি নিম্নলিখিত বিষয়গুলির ক্ষেত্রে মানবাধিকার সংক্রান্ত ঝুঁকি রিপোর্ট করতে Strauss-এর অভিযোগ জানানোর চ্যানেলগুলি ব্যবহার করতে পারেন:

- শিশুশ্রমের উপর বহাল থাকা নিষেধাজ্ঞা, বলপূর্বক শ্রমের উপর নিষেধাজ্ঞা এবং সব ধরনের দাসত্ব সংক্রান্ত নিষেধাজ্ঞা লঙ্ঘন
    - পেশাগত নিরাপত্তা এবং কাজ সম্পর্কিত স্বাস্থ্যমূলক ঝুঁকি উপেক্ষা করা
    - জোট বানানোর স্বাধীনতার এবং সমিতির স্বাধীনতার পাশাপাশি সম্মিলিত দর কষাকষির অধিকারকে উপেক্ষা করা
    - নিয়োগ করার ক্ষেত্রে বৈষম্যমূলক আচরণের নিষেধাজ্ঞা লঙ্ঘন এবং উপযুক্ত মজুরি আটকে রাখার নিষেধাজ্ঞা লঙ্ঘন
    - পরিবেশ দূষণের মাধ্যমে প্রাকৃতিক সম্পদ ধ্বংস করা
    - ভূমি সম্পর্কিত অধিকার বেআইনিভাবে লঙ্ঘন করা
    - বেসরকারী/সরকারী নিরাপত্তা বাহিনীর কমিশনিং বা ব্যবহারের উপর নিষেধাজ্ঞা লঙ্ঘন, যা প্রশিক্ষণ বা নিয়ন্ত্রণের অভাবের কারণে প্রতিবন্ধকতা হয়ে দাঁড়াতে পারে
    - কর্তব্যের পরিপন্থী কাজ বা তা বর্জন করা মৌলিক লঙ্ঘন হিসেবে নিষিদ্ধ বিষয়ের মধ্যে পড়ে, যা উপরে উল্লিখিত মানবাধিকারকে সরাসরি এবং গুরুতরভাবে প্রভাবিত করতে পারে।

- <u>পরিবেশগত ঝুঁকির</u> উদাহরণ যা আপনি রিপোর্ট করতে পারেন এবং করা উচিত হোলো লঙ্ঘন,

    - জেটি মিনামাটা কনভেনশনের ফলস্বরূপ উদ্ভূত একটি নিষেধাজ্ঞার বিরুদ্ধে - মিনামাটা কনভেনশন পারদ ব্যবহার নিয়ন্ত্রণ করে;
    - ধারাবাহিকভাবে জৈব দূষিত পদার্থ (পিওপি) উৎপাদন এবং/অথবা ব্যবহারের উপর নিষেধাজ্ঞা এবং পিওপি থাকা বর্জ্যের পরিবেশবিমুখ পরিচালনার বিরুদ্ধে;
    - বাসেল কনভেনশনের আওতাভুক্ত বিপজ্জনক বর্জ্য আমদানি ও রপ্তানির নিষেধাজ্ঞার বিরুদ্ধে কিছু করা হলে।

## 4. কে অভিযোগ জমা দিতে বা রিপোর্ট করতে পারেন?

- রিপোর্ট <u>যে কোনও ব্যক্তি</u> জমা দিতে পারেন, অর্থাত্, Strauss-এর কর্মচারী (যেমন, স্থায়ী কর্মচারী, অস্থায়ী কর্মচারী, ইন্টার্ন) এবং বহিরাগত পার্টির তরফেও (যেমন, কোনও সাপ্লায়ারের কর্মচারী)।

- তথ্যজ্ঞাপনকারীকে বিভাগ 3-এ বর্ণিত ধারা অনুসারে কোনও ঝুঁকি বা চোটআঘাতের দ্বারা প্রভাবিত হতেই হবে এমন কোনো মানে নেই সাংবাদিক বা কোম্পানির প্রাঙ্গণে বাস করেন এমন আবাসিকরাও রিপোর্ট জমা দিতে পারেন।

## 5. অভিযোগ জমা দেওয়ার ভিন্ন উপায়

তথ্য মূলত নিম্নলিখিত চ্যানেলের মাধ্যমে জমা দেওয়া যেতে পারে:

- Strauss-হোমপেজ থেকে ডিজিটালি তথ্যজ্ঞাপন করা: www.strauss.de/Nachhaltigkeit/Overlay/Hinweisgebersystem
- Strauss-এর সরাসরি নিয়োজিতো টেক্সটাইল সরবরাহকারী কর্মচারীরা Fair Wear অভিযোগ চ্যানেল ব্যবহার করতে পারেন

- Strauss-এর কর্মচারীরা কোম্পানির নিজস্ব কর্মচারীদের ব্যবহার্য অ্যাপ (BIRD) ব্যবহার করেও "ভ্যালু প্রোটেকশন টুল"-এর মাধ্যমে অভিযোগ করতে পারেন

## 6. অভিযোগ জানানোর প্রক্রিয়াবলী

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1. অভিযোগ বা গোপন সূত্রে পাওয়া খবরের প্রাপ্তিস্বীকার | 2. অভিযোগ বা রিপোর্ট পরীক্ষা করা | 3. বিষয়টির প্রাঞ্জলকরণ | 4. যিনি তথ্য দিয়েছেন তার সাথে বসে একটি সমাধান খোঁজা | 5. প্রতিকারমূলক ব্যবস্থা নেওয়া | 6. পর্যালোচনা এবং সম্পূর্ণ করা |

### a) Strauss-হোমপেজ থেকে ডিজিটালি তথ্যজ্ঞাপন করা

#### পদ্ধতির ধাপ 1: অভিযোগ বা রিপোর্টের প্রাপ্তিস্বীকার

আপনি দুটি ক্লিক এর সাহায্যে আমাদের হোমপেজের দীর্ঘমেয়াদিতা বিভাগের মধ্যে গিয়ে আমাদের অভিযোগ পদ্ধতি www.strauss.de/Nachhaltigkeit/Overlay/Hinweisgebersystem অ্যাক্সেস করতে পারেন, "হিঁনওয়াইসজেবের সিস্টেম" এ ক্লিক করে। এখানে গিয়ে আপনি "জুম পোর্টাল" বোতামে ক্লিক করে আমাদের "রিপোর্ট আ কনসার্ন " পোর্টালে বেনামে অভিযোগ জমা দিতে পারেন। এর পরের পদক্ষেপে আপনাকে নিজের মন্তব্য যতটা সম্ভব গুছিয়ে বর্ণনা করতে বলা হবে। আপনি বিভিন্ন ফাইল ফর্ম্যাট আপলোড করতে পারেন (যেমন, ইমেজ, ভিডিও, ভয়েস মেসেজ বা PDF ডকুমেন্ট)। সব শেষে আমরা আপনাকে নিশ্চিত করতে বলব যে প্রদত্ত সব তথ্য সঠিক কিনা। আপনি এটি নিশ্চিত করলে "আইনরাইশেন" বোতামে ক্লিক করে নিজের অভিযোগ জমা দিতে পারেন। আভ্যন্তরীণ কোনও কানেকশন প্রোটোকল IP অ্যাড্রেসের সাথে তৈরি করা হয় না, কাজেই আপনার পিসি-কে আমাদের অভিযোগ জানানোর পোর্টালের সাথে যুক্ত করতে পারার মতো কোনও তথ্যই উপলভ্য থাকবে না। রিপোর্ট জমা দেওয়ার পরে আপনি একটি 16 সংখ্যার কোড পাবেন যা দিয়ে আপনি পদ্ধতিটির লেটেস্ট স্ট্যাটাস চেক করতে পারবেন। আপনি নিজের অভিযোগ পরে সম্পূর্ণ করার জন্যও এই কোডটি ব্যবহার করতে পারেন।

পরিবর্তে আপনি সরাসরি- আমাদের ওম্বাডসম্যান আইনজীবী ডঃ ফ্লোরিয়ান মডলিঙ্গারের সাথেও নিজের নাম সহ যোগাযোগ করতে পারেন – আমাদের সাথে এই ইমেল আইডিতে reports@rae-modlinger.de যোগাযোগ করুন।

বেছে নেওয়া চ্যানেল যাই হোক না কেন, আপনার অভিযোগের প্রাপ্তিস্বীকার নিশ্চিত।

#### পদ্ধতির ধাপ 2: অভিযোগ বা রিপোর্ট পরীক্ষা

এই রিপোর্টটি প্রারম্ভিকভাবে আমাদের ওম্বাডসম্যানের চালিত একটি বিশেষ নিরাপদ সার্ভারে প্রসেস করা হয়। তারপরে এই ব্যক্তি অভিযোগের একটি প্রারম্ভিক মূল্যাযন করেন- এবং LkSG-র উপযুক্ততার মানদন্ড খতিয়ে দেখেন-সেটি করা হলে এটিকে লঙ্ঘনের প্রকার ও অবস্থানের ভিত্তিতে Strauss-এর এমন কিছু বিশিষ্ট ব্যক্তির কাছে পাঠানো হয় যারা তথ্য মূল্যায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত।

#### পদ্ধতির ধাপ 3: বাস্তব তথ্যের ব্যাখ্যা চাওয়া

Strauss বিষয়টি পরীক্ষা করে এটি খতিয়ে দেখবে ও ব্যাখ্যা দেবে। Strauss নিয়ম মেনে বিষয়টি নিয়ে জিজ্ঞাসাবাদও করবে। সেজন্যই আপনার উচিত নিউমেরিক কোডটি ব্যবহার করে রিপোর্ট নিয়মিত অ্যাক্সেস

করে দেখা যে আর কোনও নতুন এন্ট্রি করা হয়েছে কিনা। আপনাকে জিজ্ঞাসা করা হতে পারে যে আপনি নিজের পরিচয় প্রকাশ করে অভিযোগ সম্পর্কে কারোর সাথে কথা বলতে চান কিনা। আপনি প্রস্তুত হলে, Strauss আপনার সাথে একটি যথাযথ অ্যাপয়েন্টমেন্টের সময় ঠিক করবে।

### পদ্ধতির ধাপ 4: তথ্যপ্রদানকারীর সাথে মিলে প্রদত্ত সমস্যার একটি সমাধান বের করা

বিশদে দেওয়া তথ্যের ভিত্তিতে একটি সমাধানে প্রস্তাবনা দেওয়া হয়। একবার সমস্যাটির সমাধান নির্ণয় করা হলে, আপনার বেছে নেওয়া চ্যানেলে আপনাকে পরিণাম সম্পর্কে জানানো হয়।

### পদ্ধতির ধাপ 5: প্রতিকারমূলক ব্যবস্থা

পরিস্থিতির খাতিরে প্রতিকারমূলক ব্যবস্থা নেওয়ার দরকার হলে, সেগুলিও যত শীঘ্র সম্ভব বাস্তবায়িত করা হবে। বাস্তবায়নের কাজটি হয় Strauss অথবা Strauss-এর কমিশনপ্রাপ্ত কোনও কোম্পানি করে।

### পদ্ধতির ধাপ 6: প্রতিকারমূলক প্রক্রিয়া পরীক্ষা এবং পদ্ধতির সমাপ্তি

প্রতিকারমূলক ব্যবস্থা আভ্যন্তরীণভাবে খতিয়ে দেখা হবে এবং ন্যায্য সময়ের মধ্যে মূল্যায়ন করা হবে। অভিযোগকারীর দ্বারা বেঁচে নেওয়া চ্যানেলের মাধ্যমে পর্যালোচনার ফলাফলের একটি বিজ্ঞপ্তি পাবেন। কারোর নিজস্ব ব্যবসা ক্ষেত্রে লঙ্ঘন বন্ধ হলে বা ডিরেক্ট সাপ্লায়ারের সাছে জড়িত কোনও ঝুঁকি কমে গেলে পদ্ধতিটি সম্পূর্ণ হয়েছে বলে ঘোষিত হবে।

## b) Fair Wear-এর অভিযোগ প্রক্রিয়া

Fair Wear Foundation-এর সহযোগিতায়, Strauss বহু বছর ধরে এদের ডিরেক্ট টেক্সটাইল সাপ্লায়রদের সংশ্লিষ্ট উত্পাদন কেন্দ্রেও একটি অভিযোগ পদ্ধতি আরোপ করেছে। Fair Wear-এর অভিযোগ পদ্ধতির নিয়মাবলী এখান থেকে ডাউনলোড করা যেতে পারে।

বিশদে প্রক্রিয়াটি নিম্নলিখিতভাবে কাজ করে:

সংশ্লিষ্ট উত্পাদন কেন্দ্রে একটি Fair Wear-তথ্যমূলক পৃষ্ঠা লাগানো হয়। এটিতে কর্মচারীদের অধিকার এবং স্থানীয় Fair-Wear পরিচিতিদের সাথে যোগাযোগ করার তথ্য দেওয়া থাকে। উত্পাদন কেন্দ্রে কর্মচারীদেরকে সাইট সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয় এবং অভিযোগ করার সম্ভাবনা সম্পর্কে জানানো হয়। প্রাপ্ত অভিযোগগুলি Fair Wear Foundation অবিলম্বে খতিয়ে দেখে, তা Strauss-এর কাছে ফরোয়ার্ড করে এবং প্রতিটি আলাদা কেসের জন্য যথাযথ আলোচনা করা হয়। Strauss তারপরে উত্পাদনাকারী সহযোগীর সাথে কথোপকথন করে এবং গৃহীত ব্যবস্থার বিষয়ে তাদেরকে জানায়, যা কার্যকর হচ্ছে কিনা তা পরে নিয়মিত সময়ের ব্যবধানে দেখা হয়। Fair Wear Foundation গৃহীত পদ্ধতিও পর্যালোচনা করে দেখে এবং- Strauss-এর মতো তাদের সোশ্যাল রিপোর্টেও- সেগুলি জনগণের জন্য এখানে অজ্ঞাতনামে প্রকাশ করে। প্রভাবিত ব্যক্তিদের পরিচয় বিপন্ন না করে সর্বাধিক স্বচ্ছতা বজায় রাখার জন্য এটি করা হয়।

c) **ভ্যালু প্রোটেকশন টুল**

ভ্যালু প্রোটেকশন টুলের সাহায্যে Strauss অভিযোগকারীর সুরক্ষা আইন এবং LkSG (নিজস্ব ব্যবসা ক্ষেত্রে) উভয়ের সাথে নিজস্ব বাধ্যবাধকতা পূরণ করে। কর্মচারীরা তাদের অ্যাপ (BIRD)-এর মাধ্যমেও অজ্ঞাতনামে রিপোর্ট জমা দিতে পারেন, যা হোমপেজে থাকা LkSG অভিযোগ পদ্ধতিরই অনুযায়ী করা। অভিযোগকারীরা রিপোর্ট জমা দেওয়ার পরে একটি 16 সংখ্যার কোড পাবেন যা তারা লেটেস্ট স্ট্যাটাস চেক করতে ব্যবহার করতে পারেন।

পরিবর্তে Strauss কর্মচারীরা সরাসরি নিজের নাম সহ এই ইমেল আইডিতে আমাদের ওম্বাডসম্যান আইনজীবী ডঃ ফ্লোরিয়ান মডলিঙ্গারের সঙ্গে যোগাযোগ করতে পারেন strauss.valueprotection@rae-modlinger.de গোপন সূত্রের খবর ও রিপোর্ট জমা দেওয়ার জন্য।

সময়সূচি:

সমস্যা পর্যালোচনা করে দেখতে ও তা সমাধান করতে Strauss যথাসাধ্য চেষ্টা করে। যেহেতু প্রতিটি অনুসন্ধান এবং প্রতিটি প্রতিকারমূলক ব্যবস্থা আলাদা, তাই ভিন্ন ক্ষেত্রে তা সমাধানে আলাদা সময় লাগতে পারে। যাইহোক, Strauss কেস পরিচালনার ক্ষেত্র সব কেসই তাড়াতাড়ি সমাধান করার চেষ্টা করে, তবে ঝুঁকি বা চোটআঘাতের গুরুত্ব বিশেষে তারা গুরুতর ঘটনাগুলিকেই অগ্রাধিকার দেয়। কেস নির্বিশেষে অভিযোগকারীরা অভিযোগের প্রাপ্তিস্বীকারের পর থেকে তিন মাসের মধ্যেই মতামত পেয়ে যাবেন। পর্যালোচনা করতে তিনমাসের বেশি সময় লাগলে অভিযোগকারীকে নিয়মিত সময়ের ব্যবধানে মতামত জানানো হবে-অন্তত প্রতি তিন মাস অন্তর। অভিযোগ পদ্ধতির কার্যকারিতা অন্তত বার্ষিকভাবে এবং প্রয়োজন মত মূল্যায়ন করে দেখা হয়।

## 7. অভিযোগ বা গোপন সূত্রে প্রাপ্ত খবর নিরপেক্ষ, স্বতন্ত্র এবং উদ্দেশ্যভিত্তিকভাবে প্রসেস করা হবে।

কেস প্রসেসিং নিরপেক্ষ ও উদ্দেশ্যভিত্তিকভাবে নির্বাহিত হয়। তথ্যের অ্যাক্সেস এমন লোকেদের মধ্যেই সীমিত রাখা হয় যাদের এই কেস প্রসেস করার জন্য তথ্য না হলেই চলবে না।

## 8. অভিযোগ পদ্ধতিতে গোপনীয়তা বজায় রাখা

- অভিযোগকারী হিসেবে আপনার পরিচয় LkSG-র নিয়মানুসারে গোপন রাখা হবে। যদি সন্দেহ শেষমেশ ভিত্তিহীন বলেও প্রমাণিত হয় তাহলেও এটি প্রযোজ্য হবে। আপনি চাইলে পুরো প্রক্রিয়া চলাকালীন পরিচয় গোপন রাখতে পারেন।

- অভিযোগ জানানোর সবকটি চ্যানেল – ইমেল মারফত্ আমাদের ওম্বাডসম্যানের সাথে যোগাযোগ করা ছাড়া – গোপনীয় চ্যানেল যার মাধ্যমে আপনি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন এবং/কিংবা মানবাধিকার এবং পরিবেশগত বাধ্যবাধকতার ঝুঁকি এবং লঙ্ঘন ও সংশ্লিষ্ট ভুল আচরণের বিষয়ে অভিযোগ জানাতে পারেন।

## 9. অভিযোগকারীদেরকে কীভাবে প্রতিহিংসার হাত থেকে সুরক্ষিত রাখা হয়?

Strauss সত্ উদ্দেশ্যে পর্যবেক্ষণ তুলে ধরা/সমস্যা সম্পর্কে অভিযোগ করা বা পরিণামবশত কোনও তদন্তে যুক্ত থাকা ব্যক্তির বিরুদ্ধে কোনওভাবেই প্রতিহিংসা চরিতার্থ করা বরদাস্ত করে না (যার মধ্যে বৈষম্য, শাস্তি দেওয়া, কর্মসংস্থান সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ ইত্যাদি অন্তর্ভুক্ত থাকলেও তার মধ্যেই সীমিত নয়)। সমস্যার বিষয়গুলি শেষমেশ ভিত্তিহীন বলে দেখা গেলেও এটি বহাল থাকে।

Strauss সম্ভাব্য সব অভিযোগকারীকে অনুরোধ করে যে তারা যেন নিষ্ঠাপূর্বক যে কোনো গোপনসূত্রে প্রাপ্ত খবর বা অভিযোগ সতর্ক ভাবে Strauss-এর গোচরে আনেন যাতে Strauss সাপ্লাই চেনে থাকা মানুষ ও পরিবেশকে রক্ষার যথাযথ দায়িত্ব পালন করতে পারে।